



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শের-ই-বাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৭.২৯.০০৫.২৪.১৬

তারিখ: ১৪ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ  
২৯ আগস্ট, ২০২৪ খ্রি.

### ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের পুনঃভর্তি বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের অধ্যায়নরত শিক্ষার্থীর মধ্য হতে পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পুনঃভর্তির সাধারণ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে নিম্নোক্ত ছক অনুযায়ী স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে বোর্ডের ওয়েবসাইটে “অনলাইনে তথ্য প্রেরণ/গ্রহণ” ব্লকে “ডিপ্লোমা-ইন-টেক্সটাইল পর্যায়” প্রবেশ করে “Diploma-in-Textile Re-Admission Data Entry link” অথবা সরাসরি এই [http://103.197.207.70:8666/dip\\_readmission/index.php](http://103.197.207.70:8666/dip_readmission/index.php) লিংক এ ক্লিক করে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট সকলকে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক অনুসারে পূরণ করার জন্য অনুরোধ জানান হলো।

#### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)

|                                                              |                                                      |                                                                                           |
|--------------------------------------------------------------|------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------|
| পুনঃভর্তিছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ | পুনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ |
| ০৫-৩০ সেপ্টেম্বর, ২০২৪খ্রি.                                  | ০৮-৩০ সেপ্টেম্বর, ২০২৪খ্রি.                          | ০১-১০ অক্টোবর, ২০২৪খ্রি.                                                                  |

#### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)

| প্রতিষ্ঠান নাম :             |                 |          |        | প্রতিষ্ঠান কোড :            |      |      |      |                                            |
|------------------------------|-----------------|----------|--------|-----------------------------|------|------|------|--------------------------------------------|
| প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা : |                 |          |        | প্রতিষ্ঠানের মোবাইল নম্বর : |      |      |      |                                            |
| ক্রম নং                      | শিক্ষার্থীর নাম | টেকনোলজী | রোল নং | রেজিস্ট্রেশন নং             | শিফট | পর্ব | সেশন | ভর্তিকৃত প্রবিধান (যার জন্য যেটি প্রযোজ্য) |
|                              |                 |          |        |                             |      |      |      |                                            |

#### পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- শিক্ষার্থীর পুনঃভর্তির ক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশপত্র, নম্বরপত্র সত্যায়িত ফটোকপি ও ফলাফলের সত্যায়িত কপি (প্রতিষ্ঠান কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে;
- ২য় পর্বের শিক্ষার্থীদের যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য সেই প্রবিধান অনুসরণ করতে হবে;
- ৪র্থ ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধানের আলোকে যাচাই বাছাই করে পুনঃভর্তিছুক শিক্ষার্থীদের পুনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত পদ্ধতিতে Online এ প্রেরণ এবং Online-এ প্রেরিত তথ্যের প্রিন্ট কপিসহ বোর্ড নির্ধারিত ফি(ব্যাংক ড্রাফট) জমা দিতে হবে।
- Online- এ প্রেরিত হলেও শিক্ষার্থীর পুনঃভর্তির প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে।

**বিঃ দ্রঃ** পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও ফলাফলের সত্যায়িত কপি (প্রতিষ্ঠান কর্তৃক সত্যায়িত) সাময়িকভাবে অধ্যায়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ০১-১০ অক্টোবর, ২০২৪খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে।

স্বাঃ-

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)


পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৫৫০০৬৫২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা।
- ৩। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক(আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (অফিস আদেশটি জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অধ্যক্ষ/পরিচালক (সংশ্লিষ্ট সকল).....।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। নথি।

  
(প্রকৌশলী মোস্তা. ছালমা আক্তার)  
কারিকুলাম বিশেষজ্ঞ (টেক্সটাইল)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।